

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২২৯

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

রাজ্য দুই পর্যায়ে আগামী ১৯ ও ২৬ এপ্রিল ভোটগ্রহণ

ভারতের নির্বাচন কমিশন আজ এক প্রেস নোটে লোকসভা নির্বাচন ২০২৪ এর নির্ধন্ত ঘোষণা করেছে। ভারতের নির্বাচন কমিশনের ঘোষণা অনুসারে রাজ্য দুই পর্যায়ে আগামী ১৯ এপ্রিল, ২০২৪ (শুক্রবার) ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের এবং আগামী ২৬ এপ্রিল, ২০২৪ (শুক্রবার) ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ভোটগ্রহণ করা হবে। আজ রাজ্য নির্বাচন দপ্তর থেকে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উসা জেন মগ এক প্রেস রিলিজে জানিয়েছেন, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের বিজ্ঞপ্তি জারি হবে আগামী ২০ মার্চ, ২০২৪ (বুধবার)। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে আগামী ২৭ মার্চ, ২০২৪ (বুধবার)। মনোনয়নপত্র স্কুটিনি করা হবে আগামী ২৮ মার্চ, ২০২৪ (বৃহস্পতিবার)। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী ৩০ মার্চ, ২০২৪ (শনিবার)। ভোট গণনা করা হবে ৪ জুন, ২০২৪ (মঙ্গলবার)।

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের বিজ্ঞপ্তি জারি হবে আগামী ২৮ মার্চ, ২০২৪ (বৃহস্পতিবার)। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে আগামী ৪ এপ্রিল, ২০২৪ (বৃহস্পতিবার)। মনোনয়নপত্র স্কুটিনি করা হবে আগামী ৫ এপ্রিল, ২০২৪ (শুক্রবার)। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী ৮ এপ্রিল, ২০২৪ (সোমবার)। ভোট গণনা করা হবে ৪ জুন, ২০২৪ (মঙ্গলবার)। দুটি সংসদীয় নির্বাচনী ক্ষেত্রেই নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে ৬ জুন, ২০২৪ (বৃহস্পতিবার)-এর আগে।

\*\*\*\*\*